দৈনিক বাংলা

25/11/79

003

# সরকারী কলেজ শিক্ষক ধর্মঘট অব্যাহত

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির সকল কলেজ শাখার শিক্ষকদের পূর্ণ ধর্মঘট অব্যাহত রয়েছে বলে শনিবার এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে আরো বলা হয়: সরকারের বেতন বন্ধের নির্দেশ এবং নির্যাতনের হুমকি সত্ত্বেও কোন শিক্ষক কাজে যোগ দেননি। শনিবার টিটি কলেজে অনুষ্ঠিত এক সভায় বক্তারা সরকারের নির্যাতনমূলক ব্যবস্থায় তীব্র ক্ষোভ ও নিন্দা করেন।

সমিতির ঢাকা কলেজ ইউনিটের আহ্বায়িকা মিসেস রওশন আরা রহমান স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়: ঢাকা কলেজের শিক্ষকবৃন্দ শনিবার এক সভায় সমিতির আহ্বানে ধর্মঘটে তাদের অংশগ্রহণ এবং পূর্ণ ধর্মঘট অব্যাহত রাখার কথা পুনরায় ঘোষণা করেছেন।

অপরদিকে, ঢাকা কলেজের অধ্যক্ষ ডঃ আলী আহমদ এক বিবৃতিতে ঢাকা কলেজের শিক্ষকবৃন্দ ধর্মঘটে অংশগ্রহণ করেননি বলে জানিয়েছেন। বিবৃতিতে তিনি বলেন, কলেজে নিয়মিত ক্লাস চলছে। কিন্তু ২১শে নভেম্বর কতিপয় বহিরাগত ছাত্রদের সৃষ্ট দুঃখজনক ভুল বোঝাবুঝির জন্যে ছাত্রদের ক্লাসে উপস্থিতি কম বলে তিনি জানান।